কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
গবেষণা অধিশাখা-১
www.moa.gov.bd

নং-১২.০২৮.০০৪.০৫.০৫.০২.২০১৩ - ৫৮৯

তারিখঃ ২৩ ডিসেম্বর ২০১৫খ্রিঃ / ০৯ পৌষ ১৪২২বাং

**বিষয় ঃ "বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট আইন, ২০১৫"- এর উপর মতামত প্রদান প্রসঙ্গে।**

সূত্র ঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০..৩১১.৩১.০০৪.১৫.৭৪৪(৫১),তারিখ :২৯/১২/১৫ইং।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর The Bangladesh Agriculture Research Institute Ordinance, 1976 (LXII, 04/08/1976) সংশোধনসহ আইন আকারে বাংলা ভাষায় প্রণয়নের লক্ষ্যে প্রয়োজনীয় সংশোধন, পরিমার্জন, আধুনিক ও যুগোপযোগী করে " বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট আইন, ২০১৫ নামে খসড়া আইন আকারে প্রস্তুত করা হয়েছে যা মতামত/পরামর্শের জন্য কৃষি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে www.moa.gov.bd আপলোড করা হয়েছে।

০২। প্রস্তুতকৃত খসড়া আইনের উপর স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের লিখিত মতামত/সুপারিশ (যদি থাকে) তা আগামী ৩০/১২/২০১৫ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: প্রস্তুতকৃত আইনের খসড়া ১৫ পাতা।

২৩/১২/১৫
(ফারহানা আইরিছ)
উপ সচিব
ফোনঃ ৯৫৫৪৯৩৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

১. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ( খসড়া আইনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন ও সংসদ বিষয় মন্ত্রণালয়
বাংলাদেশ জাতীয় সংসদ
ঢাকা, ................, ২০১৫

নং- .............. ।- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ......................, ২০১৫ তারিখে প্রণীত নিম্নবর্ণিত আইনটি এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশিত হইল।

**২০১৫ সনের ..... নং আইন**

**বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট সংক্রান্ত অধ্যাদেশ/আইন রহিতক্রমে সংশোধিত আকারে উহা পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন**

যেইহেতু, ভূমি, পানি ও অন্যান্য কৃষি উপকরণের বৈজ্ঞানিক ব্যবস্থাপনার মাধ্যমে কৃষির উন্নয়ন, বিভিন্ন ফসলের উন্নত জাত উদ্ভাবন ও উন্নয়ন এবং সার্বিক ব্যবস্থাপনাসহ ফসলের অন্যান্য বিষয়ের উপর গবেষণা পরিচালনার জন্য বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট আইন প্রণয়ন করা সমীচীন।

**সেইহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল-**

১. **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন ঃ**

(ক) এই আইন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট আইন ২০১৫ নামে অভিহিত হইবে।

(খ) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২. **সংজ্ঞাঃ** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই আইনে-

(ক) "সরকার" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারকে বুঝাইবে;

(খ) "ইনস্টিটিউট" অর্থ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটকে বুঝাইবে;

(গ) "বোর্ড" অর্থ ইনস্টিটিউটের বোর্ড অব ম্যানেজমেন্টকে বুঝাইবে;

(ঘ) "চেয়ারম্যান" অর্থ বোর্ডের চেয়ারম্যানকে বুঝাইবে;

(ঙ) "কাউন্সিল" অর্থ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল আইন ২০১২ (২০১২ সালের ১৩নং আইন) বুঝাইবে;

(চ) "মহাপরিচালক" অর্থ ইনস্টিটিউটের মহাপরিচালককে বুঝাইবে;

(ছ) "পরিচালক" অর্থ ইনস্টিটিউটের পরিচালককে বুঝাইবে;

(জ) "কৃষি বিজ্ঞানী" অর্থ কৃষি গবেষণার কাজে সংশ্লিষ্ট বিজ্ঞানীকে বুঝাইবে;

(ঝ) "পরামর্শক" অর্থ ইনস্টিটিউটের প্রকল্পে নিয়োজিত পরামর্শককে বুঝাইবে;

(ঞ) "কর্মচারী" অর্থ ইনস্টিটিউটের বিজ্ঞানী, কর্মকর্তা ও কর্মচারীকে বুঝাইবে;

(ট) "সম্পদ" বলিতে সকল অধিকার, ক্ষমতা কর্তৃত্ব ও প্রাধিকার, সকল স্থাবর-অস্থাবর সম্পত্তিসহ নগদ অর্থ, ব্যাংকস্থিতি, সংরক্ষিত তহবিল, বিনিয়োগ এবং এইরূপ সম্পত্তি হইতে উদ্ভুত অন্যান্য সকল অধিকার ও স্বার্থ এবং সকল হিসাববহি, নিবন্ধনবহি, রেকর্ড এবং এতদ্‌সংক্রান্ত যে কোন ধরণের অন্যান্য সকল দলিল অন্তর্ভুক্ত হইবে;

(ঠ) "তহবিল" অর্থ ইনস্টিটিউটের তহবিলকে বুঝাইবে;

(ড) "আবর্তক তহবিল" অর্থ ইনস্টিটিউটের আবর্তক তহবিলকে বুঝাইবে;

(ঢ) "নির্ধারিত" অর্থ এই আইনের বিধি বা প্রবিধি দ্বারা নির্ধারিত;

(ণ) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধানকে বুঝাইবে;

(ত) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধিকে বুঝাইবে।

৩. **ইনস্টিটিউট প্রতিষ্ঠাঃ**

(ক) এই আইন বলবৎ হইবার সঙ্গে সঙ্গে এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট নামে একটি ইনস্টিটিউট প্রতিষ্ঠা হইবে।

(খ) ইনস্টিটিউট একটি বিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং এই আইনের বিধান সাপেক্ষে ইহার স্থাবর ও অস্থাবর সম্পত্তি অর্জন, ধারণ ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং উক্ত নামে ইহা মামলা দায়ের করিতে পারিবে এবং ইহার বিরুদ্ধে মামলা দায়ের করা যাইবে।

৪. **ইনস্টিটিউটের লক্ষ্যঃ** ধান, পাট, চা, তুলা ও সুগার ক্রপস ব্যতিত অন্যান্য সকল ফসলের (দানাদার ফসল, কন্দাল ফসল, তৈলবীজ ফসল, ডাল ফসল, ফুল, ফল, সবজি ফসল, মসলা ফসল ইত্যাদি) গবেষণা ও উন্নয়ন কার্যক্রম পরিচালনা করা।

৫. **ইনস্টিটিউটের কার্যালয়ঃ**

(ক) ইনস্টিটিউটের প্রধান কার্যালয় গাজীপুর জেলার জয়দেবপুরে অবস্থিত হইবে।

(খ) বোর্ড যেইসকল স্থানে উপযুক্ত মনে করিবে সেইসকল স্থানে ইনস্টিটিউটের কার্যালয় (আঞ্চলিক কেন্দ্র, কেন্দ্র ও উপ-কেন্দ্র ইত্যাদি) স্থাপন করিতে পারিবে।

৬. **ইনস্টিটিউটের কার্যাবলীঃ** ইনস্টিটিউটের কার্যাবলী নিম্নরূপ হইবে-

(ক) গবেষণার বিষয়াবলীর বিস্তৃত রূপরেখা প্রণয়ন ও অনুমোদন;

(খ) ইনস্টিটিউটের 'লক্ষ্যে' উল্লেখিত ফসলসমূহের নতুন জাত উদ্ভাবন এবং বৈজ্ঞানিক ব্যবস্থাপনা, মানসম্পন্ন উৎপাদন প্রযুক্তির মাধ্যমে সার্বিক ব্যবস্থাপনা পদ্ধতির স্থিতিশীল ও উৎপাদনশীল কৃষি গবেষণার উদ্যোগ গ্রহণ করা;

(গ) কৃষি কাজ দক্ষতার সহিত সম্পন্ন করিবার জন্য কৃষকগণকে প্রয়োজনীয় প্রযুক্তি ও তথ্যাবলী সরবরাহ করা;

(ঘ) কৃষি ক্ষেত্রে বিভিন্ন সমস্যার উপর গবেষণা পরিচালনার জন্য দেশের বিভিন্ন অঞ্চলে গবেষণা কেন্দ্র, উপ-কেন্দ্র, প্রকল্প এলাকা ও খামার স্থাপন করা;

(ঙ) ফসলের নুতন জাত ও ইহাদের পরিচর্যার উপর পরীক্ষণ ও প্রদর্শনী পরিচালনা করা;

(চ) ফসল গবেষণা ও ইনস্টিটিউটের কর্মকাণ্ড সম্পর্কে বার্ষিক প্রতিবেদন, কৃষি পুস্তিকা, মনোগ্রাম, সংবাদ সাময়িকী ও অন্যান্য বইপত্র প্রকাশ করা;

(ছ) ফসল উৎপাদনের উন্নত প্রযুক্তি ও কলাকৌশল সম্পর্কে গবেষক, সম্প্রসারণ কর্মী ও কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা;

(জ) স্নাতকোত্তর গবেষণার সুযোগ সুবিধা সৃষ্টি করা;

(ঝ) বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান ও কেন্দ্রের বিশেষজ্ঞদের দ্বারা নির্বাচিত সমস্যাবলী সম্পর্কে মত বিনিময় এবং কৃষি ক্ষেত্রে সাম্প্রতিক উদ্ভাবনের সহিত পরিচিত হওয়ার সুযোগ সৃষ্টি করার জন্য সেমিনার, সিমপোজিয়াম ও ওয়ার্কশপের আয়োজন করা;

(ঞ) জলবায়ু পরিবর্তনজনিত কারণে সৃষ্ট ঝুঁকি মোকাবেলায় গবেষণা কার্যক্রম গ্রহণ করা;

(ট) কৃষিতে জীব প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে রোগ ও পোকা-মাকড় প্রতিরোধী, খরা, লবণাক্ততা, জলাবদ্ধতা ও তাপসহ বিভিন্ন প্রতিকুল পরিবেশ সহিষ্ণু ফসলের জাত ও অন্যান্য প্রযুক্তি উদ্ভাবন করা;

(ঠ) জার্মপ্লাজম সংগ্রহ ও সংরক্ষণের সুযোগ সুবিধা সৃষ্টি করা;

(ড) কৃষি যান্ত্রিকীকরণ, পুষ্টি, সাপ্লাই এবং ভেলুচেইন, আর্থ সামাজিক উন্নয়নের উপর গবেষণা পরিচালনা করা;

(ঢ) ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত বিভিন্ন ফসলের নতুন জাতের প্রজনন বীজ উৎপাদন ও সরবরাহ নিশ্চিত করা;

(ণ) কৃষিতে আইসিটি এর প্রয়োগ করা;

(ত) সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিভিন্ন আইন ও বিধি বিধানের আলোকে কার্যক্রম গ্রহণ করা;

(থ) এই আইনের উদ্দেশ্যে পূরণের জন্য প্রয়োজনীয় অপরাপর কার্যাবলী সম্পাদন করা।

৭. **মহাপরিচালকঃ**

(ক) ইনস্টিটিউটে একজন কৃষি বিজ্ঞানী মহাপরিচালক থাকিবেন। তিনি সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাঁহার চাকুরীর শর্তাবলী সরকার কর্তৃক নির্ধারিত হইবে;

(খ) মহাপরিচালক ইনস্টিটিউটের সার্বক্ষণিক কর্মকর্তা ও প্রধান নির্বাহী হইবেন;

(গ) মহাপরিচালক এর পদ শূন্য হইলে কিংবা তাঁহার অনুপস্থিতি, অসুস্থতা, বা অন্য কোন কারণে মহাপরিচালক তাঁহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে, শূন্য পদে নবনিযুক্ত মহাপরিচালক কার্যভার গ্রহণ না করা পর্যন্ত বা মহাপরিচালক পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত ইনস্টিটিউটের জ্যেষ্ঠ পরিচালক মহাপরিচালকের সাময়িক দায়িত্ব পালন করিবেন।

৮. **মহাপরিচালকের দায়িত্ব ও কার্যাবলীঃ**

(ক) মহাপরিচালক বোর্ড কর্তৃক নির্ধারিত ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলী সম্পাদন করিবেন;

(খ) প্রধান নিয়ন্ত্রণকারী কর্মকর্তা হিসেবে ইনস্টিটিউটের সকল প্রশাসনিক, হিসাব নিকাশ ও সেবামূলক কার্য সম্পাদন;

(গ) বোর্ডের অনুমোদনক্রমে ইনস্টিটিউটের সকল প্রশাসনিক ও গবেষণামূলক কাজে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারী এবং অন্যান্য সকল চাকুরিজীবি নিয়োগের ক্ষেত্রে চাকুরীর শর্তাবলী নির্ধারণ;

(ঘ) ইনস্টিটিউটের গবেষণা ও অন্যান্য কার্যক্রমের পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন;

(ঙ) গবেষণা কার্যক্রম উন্নয়নের মূল্যায়ন এবং গবেষক ও অন্যান্য কর্মকর্তাদের কৃতিত্বের মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ;

(চ) ইনস্টিটিউটের বার্ষিক বাজেট প্রণয়ন এবং বোর্ড কর্তৃক উক্ত বাজেট অনুমোদন গ্রহণ;

(ছ) গবেষণা ও অন্যান্য উন্নয়নমূলক কর্মসূচীসমূহের বাজেট বন্টন;

(জ) ইনস্টিটিউটের সকল হিসাব নিকাশের নিরীক্ষা বাংলাদেশের অডিটর জেনারেল এবং কম্পট্রোলার দ্বারা সম্পাদন করানোর ব্যবস্থা গ্রহণ;

(ঝ) বোর্ডের অনুমোদনক্রমে তফসিলি ব্যাংকের শাখায় হিসাব খোলা এবং বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক সেই হিসাব পরিচালনা করা;

(ঞ) ইনস্টিটিউটের বাজেট অনুযায়ী প্রয়োজনে স্থাবর অস্থাবর সম্পত্তির অধিগ্রহণ, ক্রয়, ব্যবস্থাপনা এবং রক্ষণাবেক্ষণ;

(ট) ইনস্টিটিউটের প্রয়োজনে যে কোন স্থাপনা নির্মাণ, পরিবর্তন, পরিবর্ধন বা পুন:নির্মাণ করণ;

(ঠ) ইনস্টিটিউটের আওতাধীন সকল সরকারি স্থাবর অস্থাবর সম্পত্তির নিরাপত্তা নিশ্চিতকরণ;

(ড) ইনস্টিটিউটের কারিগরী, অবকাঠামোগত ও জনশক্তি উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন;

(ঢ) জাতীয় এবং আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠানসমূহের সহিত যোগাযোগ স্থাপন এবং যোগসূত্র রক্ষাকরণ;

(ণ) কৃষি গবেষণা সংক্রান্ত বিষয়ে কৃষি মন্ত্রণালয় এবং পরিকল্পনা কমিশনকে সহায়তা প্রদান;

(ত) সরকার কর্তৃক নির্দেশিত সকল কাজের বাস্তবায়ন।

৯. **কাউন্সিলের সুনির্দিষ্ট নির্দেশাবলী কার্যকরীকরণঃ** এই আইনে যাহা কিছু থাকুক না কেন, ইনস্টিটিউট বা ইহার যে কোন দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে ইনস্টিটিউটের বিষয়াবলী সম্পর্কে নিশ্চয়তা দিতে হইবে যে-

(ক) বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল আইন, ২০১২ (২০১২ সালের ১৩নং আইন) এর ৯ বা ১৬ নং ধারার অধীনে বা অনুসারে কাউন্সিল কর্তৃক প্রদত্ত নির্দেশাবলী পালন করিবে;

(খ) উক্ত বিধানাবলীর অধীনে বা অনুসারে উক্ত কাউন্সিল কোন সুপারিশ প্রদান বা পরামর্শ দিলে তাহা বলবৎ করিতে হইবে;

তবে শর্ত থাকে যে, যেইক্ষেত্রে ইনস্টিটিউটের মতে এইরূপ সুপারিশ বা পরামর্শ বা ইহার কোন অংশবিশেষ বলবৎ করা সম্ভব না হয় সেইক্ষেত্রে-

(১) ইনস্টিটিউটকে সাত দিনের মধ্যে কারণসহ ইহার মতামত কাউন্সিলকে জানাইতে হইবে; এবং

(২) কাউন্সিল এইরূপ মতামত বিবেচনার পর ইহার পূর্বোক্ত সুপারিশ বা পরার্মশ পরিবর্তন বা বাতিল করিতে পারে অথবা একই বিষয়ে নতুন সুপারিশ বা পরার্মশ প্রদান করিতে পারে-

আরো শর্ত থাকে যে, ক্ষেত্রমতে এইরূপ পরিবর্তন বা নতুনভাবে জারীকৃত সুপারিশ বা পরামর্শ দান ৯(ক) এর উপ-ধারার অধীনে নির্দেশ বলিয়া গণ্য হইবে এবং অনুরূপভাবে মানিয়া চলিতে হইবে।

১০. **ব্যবস্থাপনাঃ** এই আইনের আওতায় বিধি ও প্রবিধি প্রণয়ন সাপেক্ষে ইনস্টিটিউটের পরিচালনা, প্রশাসন ও তত্ত্বাবধানের বিষয়গুলি বোর্ডের উপর ন্যস্ত থাকিবে।

১১.১. **বোর্ড গঠনঃ** নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে বোর্ড গঠিত হইবে-

(ক) মহাপরিচালক পদাধিকার বলে ইহার চেয়ারম্যান হইবেন;

(খ) ইনস্টিটিউটের তিন জন পরিচালক (গবেষণা, সেবা ও সরবরাহ এবং প্রশিক্ষণ ও যোগাযোগ), পদাধিকার বলে;

(গ) কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত দুইজন প্রথিতযশা বিজ্ঞানী যাহারা ইনস্টিটিউটে কর্মরত নহেন কিন্তু ইহার বিশেষ ক্ষেত্রের সহিত সম্পর্কিত;

(ঘ) কাউন্সিল মনোনীত একজন প্রতিনিধি যিনি সদস্য-পরিচালক পদ মর্যাদার নিম্নে নহে;

(ঙ) কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিচালক পদ মর্যাদার নিম্নে নহে এইরূপ একজন প্রতিনিধি;

(চ) কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত ইনস্টিটিউটের দুইজন জ্যেষ্ঠ বিজ্ঞানী;

(ছ) কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত দুইজন প্রতিনিধি যাহাদের মধ্যে একজন কৃষক প্রতিনিধি এবং অপরজন ইনস্টিটিউটের মত একই কাজে নিয়োজিত বেসরকারী সংস্থার প্রতিনিধি;

(জ) কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উপ-সচিব পদমর্যাদার নিম্নে নহে এইরূপ একজন প্রতিনিধি;

(ঝ) অর্থ মন্ত্রণালয় বা অর্থ বিভাগ কর্তৃক মনোনীত উপ-সচিব পদমর্যাদার নিম্নে নহে এইরূপ একজন প্রতিনিধি;

(ঞ) ইনস্টিটিউটের পরিচালক (সেবা ও সরবরাহ) বোর্ডের সদস্য-সচিবের দায়িত্ব পালন করিবেন;

(ট) বোর্ডের মেয়াদ তিন বৎসর পর্যন্ত বলবৎ থাকিবে। তবে পরবর্তী বোর্ড গঠন না হওয়া পর্যন্ত পূর্ববর্তী বোর্ড কার্যক্রম পরিচালনা করিতে পারিবে।

**১১.২. সদস্য পদের মেয়াদ, পদত্যাগ ইত্যাদিঃ**

(ক) ১১.১ অনুচ্ছেদের (গ)(ঘ)(ঙ)(চ)(ছ)(জ)(ঝ) ধারায় উল্লিখিত সদস্যগণ মনোনয়নের তারিখ হইতে বোর্ডের মেয়াদ পর্যন্ত অধিষ্ঠিত থাকিবেন;

শর্ত থাকে যে, এইরূপ সদস্যগণ চেয়ারম্যানের উদ্দেশ্যে লিখিত পত্র দ্বারা সদস্যপদ হইতে পদত্যাগ করিতে পারিবেন।

(খ) কোন ব্যক্তির সদস্যপদের অবসান হইবে যদি তিনি-

(১) মৃত্যুবরণ করেন;

(২) অনুচ্ছেদ ১১.১ এর (গ)(ঘ)(ঙ)(চ)(ছ)(জ)(ঝ) ধারায় উল্লিখিত সদস্য হন;

(ক) এই অনুচ্ছেদের (ক) উপ-ধারার বিধানের আওতায় সদস্যপদ হইতে পদত্যাগ করেন; বা

(খ) এই অনুচ্ছেদের (ক) উপ-ধারার অধীনে তাহার সদস্য পদের মেয়াদ উত্তীর্ণ হয়;

(গ) চেয়ারম্যানের অনুমতি ব্যতিরেকে পর পর তিনটি বোর্ড সভায় অনুপস্থিত থাকেন;

(৩) কোন উপযুক্ত আদালত কর্তৃক মানসিক বিকারগ্রস্থ বলিয়া ঘোষিত হন;

(৪) দেউলিয়া হন বা দেউলিয়াত্ব হইতে অব্যাহতি লাভ না করিয়া থাকেন;

(৫) নৈতিকস্খলনজনিত ফৌজদারী অপরাধের দায়ে দোষী সাব্যস্ত হইয়া অন্যূন তিন মাস কারাদণ্ডে বা অন্যূন পাঁচ হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডিত হন এবং এইরূপ দণ্ডিত ব্যক্তি মুক্তি লাভ বা ক্ষেত্রমতে অর্থদণ্ড পরিশোধের পর দুই বৎসর কাল অতিবাহিত না হইয়া থাকিলে সদস্য হইবার যোগ্য হইবেন না।

(৬) বোর্ডের কোন সদস্যকে দুই মেয়াদের বেশি মনোনয়ন দেওয়া যাইবেনা।

**১২. বোর্ডের সভাঃ**

(ক) বোর্ডের সদস্য-সচিব চেয়ারম্যানের সাথে আলোচনা সাপেক্ষে প্রতি তিন মাস অন্তর অন্তর কমপক্ষে একবার বোর্ডের সভা আহবান করিবেন। তবে প্রয়োজনে বিশেষ সভা আহবান করা যাইবে;

(খ) বোর্ডের সভা আহবানের জন্য কমপক্ষে চৌদ্দ দিন আগে নোটিশ প্রদান করিতে হইবে এবং এইরূপ নোটিশে সভা অনুষ্ঠানের তারিখ, সময় ও স্থানের নাম সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে। তবে বিশেষ সভা আহবানের ক্ষেত্রে নোটিশ প্রদানের সময়সীমা শিথিলযোগ্য;

(গ) চেয়ারম্যান এর অনুপস্থিতিতে উপস্থিত সদস্যগণ কর্তৃক তাঁহাদের মধ্য হইতে এই উদ্দেশ্যে মনোনীত কোন সদস্য সভায় সভাপতিত্ব করিবেন;

(ঘ) বোর্ডের সভায় চেয়ারম্যানসহ কমপক্ষে পঞ্চাশ শতাংশসদস্যের উপস্থিতি কোরাম বলিয়া গণ্য হইবে। তবে মুলতবী সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।

(ঙ) সভায় উপস্থিত সদস্যদের সংখ্যা গরিষ্ঠ ভোটে সকল বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হইবে;

(চ) বোর্ডের সভায় প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে চেয়ারম্যান বা সভায় সভাপতিত্বকারী সদস্যের একটি দ্বিতীয় বা নির্ণায়ক ভোট থাকিবে;

(ছ) শুধুমাত্র কোন সদস্য পদের শূন্যতার কারণে বোর্ডের কোন কার্য বা কার্যধারা অকেজো বলিয়া গণ্য হইবে না।

**১৩. বোর্ডের কার্যাবলীঃ**

(ক) ইনটিটিউটের গবেষণা কর্মকান্ড পর্যালোচনা এবং গবেষণা সংক্রান্ত দিক নির্দেশনা প্রণয়ন;

(খ) ইনস্টিটিউটের বাজেট অনুমোদন;

(গ) বিজ্ঞানী ও কর্মকর্তা পদে পদোন্নতি অনুমোদন;

(ঘ) আবর্তক তহবিল অনুমোদন;

(ঙ) সরকারী বিধি-বিধানের আলোকে বিভিন্ন ধরণের নীতিমালা অনুমোদন;

(চ) আইন উপদেষ্টা নিয়োগ (খন্ডকালীন);

(ছ) জ্যেষ্ঠতা তালিকা অনুমোদন;

(জ) ইনস্টিটিউটের কার্যালয় (আঞ্চলিক কেন্দ্র, কেন্দ্র ও উপ-কেন্দ্র ইত্যাদি) স্থাপনের অনুমোদন;

(ঝ) বোর্ড কর্তৃক ন্যস্ত কার্য সম্পাদন বা মহাপরিচালককে তাঁহার কার্য সম্পাদনে সহায়তার জন্য সময় সময় বিভিন্ন কমিটি গঠন;

(ঞ) ইনস্টিটিউটের কার্যক্রম সংক্রান্ত যাহা কিছু বোর্ডের নিকট উপস্থাপিত হইবে বোর্ড তাহা করিতে পারিবে;

(ট) সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিভিন্ন নির্দেশনার আলোকে কার্যক্রম গ্রহণ;

(ঠ) বিবিধ

**১৪. ইনস্টিটিউটের কমিটিসমূহঃ**

(ক) বোর্ড কর্তৃক ন্যস্ত কার্য সম্পাদন বা মহাপরিচালককে তাঁহার কার্য সম্পাদনে সহায়তা প্রদানের প্রয়োজনে বোর্ড সময় সময় বিভিন্ন কমিটি গঠন করিতে পারিবে;

(খ) বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক প্রতিটি কমিটি একজন সভাপতি এবং অন্যান্য সদস্য সমন্বয়ে গঠিত হইবে;

(গ) বোর্ড কর্তৃক নির্ধারিত মেয়াদের জন্য কমিটির সভাপতি ও অন্যান্য সদস্যবৃন্দ কার্য সম্পাদন করিবেন।

১৫. **বাজেটঃ** ইনস্টিটিউট প্রতি আর্থিক বৎসর শুরুর পূর্বে সরকার কর্তৃক নির্ধারিত তারিখে এই আইনের আওতায় উক্ত অর্থ বৎসরের কার্যাবলী সম্পাদনের নিমিত্ত ইনস্টিটিউট বোর্ডের অনুমোদনক্রমে বাজেটে প্রয়োজনীয় সংস্থান রাখিবার জন্য প্রাক্কলিত আয়-ব্যয়ের বিবরণী সরকারের নিকট দাখিল করিবে।

১৬. **ইনস্টিটিউটের তহবিলঃ** ইনস্টিটিউটের একটি নিজস্ব তহবিল থাকিবে। যাহার উৎস হইবে-

(ক) সরকার প্রদত্ত মঞ্জুরী ও অনুদান;

(খ) সরকারের নিকট হইতে প্রাপ্ত ঋণ;

(গ) স্থানীয় কর্তৃপক্ষের প্রদত্ত অনুদান;

(ঘ) দেশী/বিদেশী উন্নয়ন সহযোগী সংস্থার নিকট হইতে অনুদান ও সাহায্য; এবং

(ঙ) নিজস্ব আয়।

১৭. **ঋণ গ্রহণের ক্ষমতাঃ** এই আইনের অধীনে ইহার কার্যাবলী সম্পাদনের জন্য ইনস্টিটিউট-

(ক) সরকারের অনুমোদন সাপেক্ষে ইহার প্রয়োজনের ব্যাপকতা বিবেচনায় কোন উৎস হইতে অর্থ ঋণ গ্রহণ করিতে পারিবে;

(খ) সরকারের নিকট হইতে সাহায্য আকারে অনুদান গ্রহণ এবং সরকারের অনুমোদন সাপেক্ষে অন্য কোন সংস্থার নিকট সাহায্য চাহিতে পারিবে।

১৮. **পরিচালক, পরামর্শক, কর্মকর্তা ইত্যাদি নিয়োগঃ** ইনস্টিটিউটের কার্যাবলী দক্ষতার সহিত সম্পাদনের জন্য-

(ক) সরকার সময় সময় যেইরূপ নির্ধারণ করিবে সেইরূপ সংখ্যায় ও শর্তাবলীতে পরিচালক নিয়োগ করিতে পারিবে;

(খ) ইনস্টিটিউট উহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সরকার কর্তৃক সময় সময় প্রদত্ত সাধারণ বা বিশেষ আদেশ সাপেক্ষে নির্ধারিত শর্তে প্রয়োজনীয় সংখ্যক বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, পরামশর্ক এবং উপদেষ্টা ইত্যাদি নিয়োগ করিতে পারিবে।

১৯. **জনসেবক ইত্যাদিঃ** ইনস্টিটিউটের মহাপরিচালক, পরামর্শক, পরিচালক এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণ এই আইন বা তদাধীন প্রণীত বিধি এবং প্রবিধানের অধীন ক্ষমতা প্রয়োগ বা কার্য সম্পাদনের জন্য Penal Code (Act XLV of 1860) এর Section ২১-এ জনসেবক (Public Servant) কথাটি যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই একই অর্থে জনসেবক বলিয়া গণ্য হইবেন।

২০. **প্রশিক্ষণ ও উচ্চ শিক্ষাঃ** ইনস্টিটিউট, উহার বিজ্ঞানীদের জন্য সরকারের বিধিবিধান অনুসরণপূর্বক প্রয়োজনীয় দেশী এবং বৈদেশিক প্রশিক্ষণ ও উচ্চ শিক্ষা প্রদানের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

২১. **বিধি প্রণয়নের ক্ষমতাঃ** সরকার এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে বিধি প্রণয়ন করিতে পারিবে।

২২. **প্রবিধান প্রণয়নের ক্ষমতাঃ**

(ক) এই আইনের বিধানাবলী কার্যকর করিবার উদ্দেশ্যে সরকারের পূর্বানুমোদনক্রমে ইনস্টিটিউট ইহার সকল বিষয় নির্বাহ করিতে এই আইনের বিধান ও ইহার অধীন প্রণীত বিধির সহিত অসঙ্গতিপূর্ণ নয় এমন প্রয়োজনীয় বা সমীচীন প্রবিধান প্রণয়ন করিতে পারিবে;

(খ) এই অনুচ্ছেদের অধীনে প্রণীত সকল প্রবিধান সরকারী গেজেটে প্রকাশিত হইবে এবং প্রকাশনার মাধ্যমে তাহা বলবৎ হইবে।

২৩. **রহিতকরণ ও হেফাজতঃ**

(ক) Bangladesh Agricultural Research Institute Ordinance, 1976 (LXII of 1976) এবং ইহার সংশোধনী The Bangladesh Agricultural Research Institute (Amendment) Act, 1996 (১৯৯৬ সনের ১৪নং আইন) এতদ্বারা রহিত করা হইল;

(খ) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও রহিত অধ্যাদেশের অধীনে কৃত কাজকর্ম ও গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

ড. মোঃ রফিকুল ইসলাম মণ্ডল
মহাপরিচালক
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর।